বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
সংস্থাপন বিভাগ
www.badc.gov.bd

## জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত বিএডিসির নৈতিকতা কমিটির ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২১- ডিসেম্বর ২০২১) সভার কার্যপত্র

(সভার তারিখঃ ২৬ ডিসেম্বর ২০২১; সকাল ১১:০০ ঘটিকা।

আলোচ্য বিষয়-০১: বিগত ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত বিএডিসি'র নৈতিকতা কমিটির ১ম কোয়ার্টারের (জুলাই ২০২১- সেপ্টেম্বর ২০২১) সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।

আলোচ্য বিষয়-০২: বিএডিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ (সংশোধিত) অনুযায়ী ২য় কোয়ার্টারের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও বিগত ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত বিএডিসি'র নৈতিকতা কমিটির ১ম কোয়ার্টারের সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/কার্যক্রম | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | সিদ্ধান্ত/প্রস্তাব |
|---|---|---|---|---|
| ১. | ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | প্রতি কোয়ার্টারে জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত বিএডিসি'র নৈতিকতা কমিটির সভা কর্ম-পরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করতে হবে। | লক্ষ্যমাত্রা ০১টির বিপরীতে আগামী ২৬/১২/২০২১ তারিখে সভা আহবান করা হয়েছে। | |
| | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। | সিদ্ধান্ত মোতাবেক বাস্তবায়ন করা হবে। | |
| | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে কর্মপরিকল্পনা মোতাবেক প্রতি কোয়ার্টারে সভা আয়োজন করতে হবে। | গত ০৯/১২/২০২১ তারিখে বিএডিসি'র শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সচিব, বিএডিসি'র সভাপতিত্বে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে সভা অনুষ্ঠিত হয়েছে। | |
| | ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ (সংশোধিত) অনুযায়ী যথাসময়ে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে। | নিয়োগ ও কল্যাণ বিভাগ সভায় অগ্রগতি জানাবেন। | |
| | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন<br>১) স্বাস্থ্যবিধি অনুসরণ<br>২)টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ<br>৩)বিএডিসি'র কৃষি ভবনের (সদর দপ্তর) সৌন্দর্যবর্ধন | কর্ম-পরিবেশ উন্নয়নের নিমিত্ত স্বাস্থ্যবিধি অনুসরণ, টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ ও কৃষি ভবন (সদর দপ্তর) সহ বিএডিসি'র মাঠ পর্যায়ের সকল দপ্তরে সৌন্দর্যবর্ধনের কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে। | সাধারণ পরিচর্যা/ উদ্যান উন্নয়ন বিভাগ সভায় অগ্রগতি জানাবেন। | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/কার্যক্রম | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | সিদ্ধান্ত/প্রস্তাব |
|---|---|---|---|---|
| | ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন যথাসময়ে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে ও বিএডিসি'র ওয়েবসাইটে আপলোড করতে হবে। | গত ০৮/০৬/২১ তারিখে সংস্থাপন বিভাগের স্মারক নম্বর-১০০৭ এর মাধ্যমে বিএডিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং কর্ম-পরিকল্পনাটি বিএডিসি'র ওয়েবসাইটেও আপলোড করা হয়েছে। পরবর্তীতে, কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বিএডিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ সংশোধন করা হয় এবং গত ১০/১১/২০২১ তারিখে সংস্থাপন বিভাগের স্মারক নম্বর-৭০০৫ মোতাবেক কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে ও বিএডিসি'র ওয়েবসাইটে (www.badc.gov.bd) আপলোড করা হয়েছে।<br>এছাড়াও, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী ১ম কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন বিগত ১২/১০/২০২১ তারিখে সংস্থাপন বিভাগের স্মারক নম্বর-২০৬৬ মোতাবেক কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে ও বিএডিসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br>২০২১-২২ অর্থ বছরের ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে ও বিএডিসি'র ওয়েবসাইটে আপলোড করা হবে। | |
| | ১.৭ আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | বিএডিসি'র মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর যথাসময়ে ফিডব্যাক প্রদান সম্পন্ন করতে হবে। | বিএডিসি'র মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক সভা বিগত ৩১/১০/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। | |
| | ১.৮ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | নিয়োগ ও কল্যাণ বিভাগ সভায় অগ্রগতি জানাবেন। | |
| ২. | ২.১ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। অনুমোদিত ক্রয় পরিকল্পনা মোতাবেক পিপিআর ২০০৮ এবং আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক টেন্ডার আহবান করতে হবে। | ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) নির্ধারিত সময়ের মধ্যে বিএডিসি'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।<br>অনুমোদিত ক্রয় পরিকল্পনা মোতাবেক পিপিআর ২০০৮ এবং আর্থিক বিধিবিধান | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/কার্যক্রম | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | সিদ্ধান্ত/প্রস্তাব |
|---|---|---|---|---|
| | | | অনুসরণপূর্বক টেন্ডার আহবান করা হচ্ছে কীনা এ বিষয়ে ক্রয় বিভাগ/পরিকল্পনা বিভাগ সভায় অগ্রগতি জানাবেন। | |
| | ২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন সম্পন্ন করতে হবে। | প্রধান (পরিকল্পনা), বিএডিসি/ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, বিএডিসি সভায় অগ্রগতি জানাবেন। | |
| | ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন সম্পন্ন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতির তথ্য যথাসময়ে সংস্থাপন বিভাগে প্রেরণ করতে হবে। | প্রধান (মনিটরিং), বিএডিসি সভায় অগ্রগতি জানাবেন। | |
| | ২.৪ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে। | ২০২০-২১ অর্থবছরে বিএডিসি'র সমাপ্ত ০৪ (চার)টি প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে হস্তান্তর করা হয়েছে। এছাড়াও, উক্ত সমাপ্ত প্রকল্পের সম্পদ বিবরণ সংস্থাপন বিভাগের স্মারক নম্বর-৭১৭৫; তারিখঃ ২৪/১১/২০২১ মোতাবেক কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | |
| ৩. | ৩.১ কৃষকের জমিতে সেচের পানি বন্টনে ন্যায্যমূল্য নিশ্চিতকরণ | বিএডিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ (সংশোধিত) এর কার্যক্রম ৩.১ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী কৃষকের জমিতে সেচের পানি বন্টনের ক্ষেত্রে সরকার/বিএডিসি কর্তৃক নির্ধারিত সেচ চার্জ অনুযায়ী সেচ সেবা প্রদান করা হচ্ছে কীনা তা নিশ্চিত হওয়ার জন্য ০১ (এক)টি কমিটি গঠন ও উক্ত কমিটি কর্তৃক আকস্মিক পরিদর্শন (প্রতি প্রান্তিকে ০৩ (তিন)টি পরিদর্শন) করে প্রতিবেদন দাখিল করতে হবে। | বিএডিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ (সংশোধিত) (সংযুক্তি-ক) এর কার্যক্রম ৩.১ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী সংস্থাপন বিভাগের স্মারক নম্বর-৭২৭৪; তারিখঃ ০৫ ডিসেম্বর ২০২১ মোতাবেক জনাব মোঃ খসরু নোমান, অধ্যক্ষ, বিএডিসি, প্রশিক্ষণ ইনস্টিটিউট, মধুপুর, টাংগাইল পদ এর বিপরীতে পরিকল্পনা বিভাগে সংযুক্তকে আহবায়ক করে ইতোমধ্যে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট ০১(এক)টি কমিটি গঠন করা হয়েছে (সংযুক্তি-খ)। উক্ত কমিটি কর্তৃক আকস্মিক পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। | |
| | ৩.২ বীজ বিতরণে স্বচ্ছতা আনয়ন | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ (সংশোধিত) এর কার্যক্রম ৩.২ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বীজ বিতরণের ক্ষেত্রে সরকার/বিএডিসি কর্তৃক নির্ধারিত মূল্য অনুসরণ করা হচ্ছে কী না তা নিশ্চিত হওয়ার জন্য ০১ (এক)টি কমিটি গঠন ও উক্ত কমিটি কর্তৃক আকস্মিক পরিদর্শন (প্রতি প্রান্তিকে ০৩ (তিন)টি পরিদর্শন) করে প্রতিবেদন দাখিল করতে হবে। | বিএডিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ (সংশোধিত) এর কার্যক্রম ৩.২ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী সংস্থাপন বিভাগের স্মারক নম্বর-৭২৭৫; তারিখঃ ০৫ ডিসেম্বর ২০২১ মোতাবেক জনাব মোহাম্মদ ওবায়েদ হোসেন, উপপ্রধান প্রকৌশলী, ক্ষুদ্রসেচ বিভাগ, বিএডিসি, ঢাকাকে আহবায়ক করে ইতোমধ্যে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট ০১ (এক)টি কমিটি গঠন করা হয়েছে (সংযুক্তি-গ)। উক্ত কমিটি কর্তৃক আকস্মিক পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/কার্যক্রম | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | সিদ্ধান্ত/প্রস্তাব |
|---|---|---|---|---|
| | ৩.৩ দুর্নীতি বিষয়ক সচেতনতা বৃদ্ধিকল্পে দুর্নীতি দমন কমিশন আইন বিষয়ক প্রশিক্ষণ | পরিকল্পনা অনুযায়ী দুর্নীতি বিষয়ক সচেতনতা বৃদ্ধিকল্পে দুর্নীতি দমন কমিশন আইন বিষয়ক প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে জানানো হয় যে, দুর্নীতি বিষয়ক সচেতনতা বৃদ্ধিকল্পে দুর্নীতি দমন কমিশন আইন বিষয়ে ২য় কোয়ার্টারে মোট ৮৮ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | যুগ্মপরিচালক (নিয়োগ ও কল্যাণ) |
| | ৩.৪ নীতিমালা অনুযায়ী বাসা বরাদ্দ প্রদানপূর্বক বরাদ্দপ্রাপ্তদের ডাটাবেজ প্রস্তুত ও মনিটরিং | নীতিমালা অনুযায়ী বাসা বরাদ্দ প্রদানপূর্বক বরাদ্দপ্রাপ্তদের ডাটাবেজ প্রস্তুত করতে হবে এবং এ বিষয়টি নিয়মিতভাবে মনিটরিং করতে হবে। | মহাব্যবস্থাপক (তদন্ত) ও যুগ্মপরিচালক (সাধারণ পরিচর্যা) সভায় অগ্রগতি জানাবেন। | |
| | ৩.৫ সার বিতরণে স্বচ্ছতা আনয়ন | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ (সংশোধন) এর কার্যক্রম ৩.৫ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী সার বিতরণের ক্ষেত্রে সরকার/বিএডিসি কর্তৃক নির্ধারিত মূল্য অনুসরণ করা হচ্ছে কী না তা নিশ্চিত হওয়ার জন্য ০১ (এক)টি কমিটি গঠন ও উক্ত কমিটি কর্তৃক আকস্মিক পরিদর্শন (প্রতি প্রান্তিকে ০৩ (তিন)টি পরিদর্শন) করে প্রতিবেদন দাখিল করতে হবে। | বিএডিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ (সংশোধিত) এর কার্যক্রম ৩.৫ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী সংস্থাপন বিভাগের স্মারক নম্বর-৭২৭৬; তারিখঃ ০৫ ডিসেম্বর ২০২১ মোতাবেক জনাব মোঃ হুমায়ুন কবির, ব্যবস্থাপক (ক:গ্রো:), বিএডিসি, ঢাকাকে আহবায়ক করে ইতোমধ্যে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট ০১ (এক)টি কমিটি গঠন করা হয়েছে (সংযুক্তি-ঘ)। উক্ত কমিটি কর্তৃক আকস্মিক পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। | |

আলোচ্য বিষয়-০৩: বিবিধ।

(মোহাম্মদ জাকিরুল ইসলাম)
যুগ্মপরিচালক (চলতি দায়িত্ব)
বিএডিসি, ঢাকা
ও
শুদ্ধাচার বিষয়ে বিএডিসি'র বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা।